

বাংলাদেশ তীত বোর্ড  
বিটিএমসি ভবন (৫ম তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১১১৫।  
www.bhb.gov.bd

নং বাতীবো/ওএডএম/৪৯/২০১৫/ ১১৭

তারিখঃ- ২৬.১০.২০১৫ খ্রিঃ।

বিষয়ঃ ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের সেমিষ্টার ভিত্তিক বিভিন্ন ফি পুনঃ নির্ধারন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ তীত বোর্ড বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্ব-শাসিত প্রতিষ্ঠান। বাংলাদেশ তীত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী প্রতিষ্ঠানটি বাংলাদেশ তীত বোর্ডের নিয়ন্ত্রণাধীন একটি শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট। স্ব-শাসিত প্রতিষ্ঠান এবং তার নিয়ন্ত্রণাধীন কোন প্রতিষ্ঠান পুরোপুরি সরকারি নয়। তাছাড়া এ প্রশিক্ষণ ইনস্টিটিউট গত ১৯৮৪ সনে তীতিদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠা লাভ করে এবং প্রশিক্ষণ সংশ্লিষ্ট জনবল নিয়োগ প্রদান করে কার্যক্রম পরিচালনা করা হয়। পরবর্তীতে ২০১০-২০১১ শিক্ষাবর্ষ হতে অত্র প্রতিষ্ঠানে ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম চালু করা হয়। যেহেতু প্রতিষ্ঠানটি প্রশিক্ষণ ইনস্টিটিউট, সেহেতু ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের প্রয়োজনীয় কারিগরি ও সাধারণ বিষয় (যেমন- বাংলা, ইংরেজি, গণিত, পদার্থ, রসায়ন, ইঞ্জিনিয়ারিং ড্রইং, বেসিক ইলেকট্রিসিটি, ওয়ার্কসপ প্রাকটিস, কম্পিউটার, একাউন্টিং, ব্যবসায় উদ্যোগ, শিল্প ব্যবস্থাপনা, পরিসংখ্যান, শরীর চর্চা ইত্যাদি) পাঠদানের জন্য শিক্ষকের পদ সৃষ্টি করা হয়নি। সে প্রেক্ষিতে খন্ডকালীন শিক্ষক নিয়োগের মাধ্যমে এবং তীদের সম্মানী ভাতা শিক্ষার্থীদের নিকট থেকে গ্রহণ পূর্বক পরিশোধ করার প্রস্তাব বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক বিবেচিত হয়। সে অনুযায়ী ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বর্ণিত সাধারণ বিষয়ে পাঠদানের জন্য খন্ডকালীন শিক্ষক নিয়োগ প্রদান করে পাঠদান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ইনস্টিটিউটের আসন সংখ্যা ৪০ থেকে ৮০ তে উন্নীত করায় বিদ্যমান কারিগরি শিক্ষক দ্বারা সুষ্ঠুভাবে পাঠদান সম্ভব না হওয়ায় ইতোমধ্যে খন্ডকালীন কারিগরি শিক্ষকও নিয়োগ দেয়া হয়েছে।

সাম্প্রতিক সময়ে ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে অধ্যয়নরত শিক্ষার্থীদের সেমিষ্টার ফি কমানোর দাবির প্রেক্ষিতে বাংলাদেশ তীত বোর্ড কর্তৃক খন্ডকালীন শিক্ষকদের সম্মানীভাতা ও সংশ্লিষ্ট অন্যান্য ব্যয় পর্যালোচনান্তে নিম্নোক্ত হারে সেমিষ্টার ভিত্তিক বিভিন্ন ফি নির্ধারন করা হয়ঃ

সেমিষ্টার	বিদ্যমান সেমিষ্টার ফি	পুনঃ নির্ধারিত ফি
১ম সেমিষ্টার	৬,১৫০/-	৪,৫৭৫/-
২য় সেমিষ্টার	৫,৮৫০/-	৪,৫৭৫/-
৩য় সেমিষ্টার	৫,৮৫০/-	৪,২৭৫/-
৪র্থ সেমিষ্টার	৪,৯৫০/-	৪,২৭৫/-
৫ম সেমিষ্টার	৪,৯৫০/-	৩,৯৭৫/-
৬ষ্ঠ সেমিষ্টার	৪,৬৫০/-	৩,৯৭৫/-
৭ম সেমিষ্টার	৪,৬৫০/-	৩,৩৭৫/-
৮ম সেমিষ্টার	৪,৩৫০/-	৩,৩৭৫/-

এমতাবস্থায়, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট হতে এখন থেকে পুনঃ নির্ধারিত হারে সেমিষ্টার ভিত্তিক বিভিন্ন ফি আদায়ের জন্য অনুরোধ করা হলো।



অধ্যক্ষ

বাতীশ্রিই, নরসিংদী।

(এএসএম গোলাম মুর্তজা)

উপ-মহাব্যবস্থাপক (অপাঃ), সিসি

ফোনঃ ০২-৯১৪০৬১০

ই-মেইলঃ- dgmpoperation.bhb@gmail.com

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। সদস্য (ওএডএম/পরিঃ ও বাস্তঃ/স্মর্ক), বাতীবো, ঢাকা।

২। জেলা প্রশাসক, নরসিংদী।

৩। সচিব, বাতীবো, ঢাকা।

৪। চেয়ারম্যান মহোদয়ের সমন্বয় কর্মকর্তা, বাতীবো, ঢাকা- (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫। অফিস কপি।